# নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের অভিভাবকদের প্রতি বিজ্ঞপ্তি

আশা করি সকলে সুস্থ আছেন এবং নিজেদের সুরক্ষিত রাখছেন।

আপনারা সকলেই অবগত আছেন যে কোভিড-১৯ থেকে উদ্ভূত পরিস্থিতি এবং ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের উপর্যুপরি নির্দেশিকায় নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের প্রতিটি ক্লাস গত ২১ শে মার্চ ২০২০ থেকে বন্ধ আছে। এই মুহূর্তেও আমরা জানিনা, কবে এই ক্লাসগুলি শুরু করা যাবে। ক্লাস শুরু করা সংক্রান্ত সরকারী নির্দেশিকা পেলেই আমরা আপনাদের জানিয়ে দেবো। সামাজিক দূরত্ববিধি ও জায়গার অভাবের জন্য আমরা নাচ ও নাটক-এর ক্লাস আরম্ভ করতে পারছি না।

এই প্রসঙ্গে আপনাদের জানিয়ে রাখি যে ক্লাস পুনরায় শুরু করার সময় আমরা সমস্তরূপে সামাজিক দূরত্ববিধি মেনে প্রতিদিন আনুমানিক ৩৫০ জন ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ দিতে পারব। এতদিন প্রায় ১৪৫০ জন ছাত্র / ছাত্রীদের শনি ও রবিবার মিলিয়ে প্রশিক্ষণ দিতাম।

তবে সমস্ত সিদ্ধান্তই গৃহীত হবে সরকার কি নির্দেশ দেন তার উপর ভিত্তি করে। সমস্ত অভিভাবক / অভিভাবিকাদের লিখিত সম্মতি দিতে হবে যে তাঁর ছেলে / মেয়েকে নিজস্ব দায়িত্ব নিয়ে ক্লাসে যোগদান করাচ্ছেন। এবং তাঁরা কোভিড-১৯ এর পরিস্থিতি নিয়ে যথেষ্ট সচেতন।

অনুগ্রহ করে খেয়াল রাখবেন -

- ■ কোনও গাড়ীর (চার চাকা বা দুচাকা) মিউজিয়াম চত্বরে প্রবেশাধিকার থাকবে না।
- ■ নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের অডিটোরিয়ামে কোনও অভিভাবক প্রবেশ করতে পারবেন না, সামাজিক দূরত্ববিধি মেনে অডিটোরিয়ামটিও ক্লাস করার জন্য ব্যবহৃত হবে। সেই অনুযায়ী আমরা বসার ব্যবস্থা করতে পারব।
- ■ নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম কোনও রকম অন-লাইন ক্লাসের ব্যবস্থা করতে পারবে না।
- ■ যেসব ছাত্রছাত্রী তাদের কোর্সফী বাবদ টাকা ২১ শে মার্চ ২০২০-এর মধ্যে জমা দিয়েছে কেবলমাত্র তাদেরই ক্লাস নেওয়া হবে। (আনুমানিক ৩৫০ ছাত্রছাত্রী প্রতি শনিবার ও ৪০০ ছাত্রছাত্রী প্রতি রবিবার)। লকডাউনপর্বের আগে ১৪৫০-১৫০০ ছাত্রছাত্রী ক্লাস করত। ছাত্রছাত্রীদের ক্লাস শুরুর দিন ও সময় জানিয়ে দেওয়া হবে। কোর্সফী জমা না দেওয়া ছাত্রছাত্রীদের ক্লাস নেওয়া হবে না। সামাজিক দূরত্ব বিধি মেনে ক্লাস নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের গ্রাউন্ড ফ্লোরেও অনুষ্ঠিত হবে।
- **■ অভিভাবক / শিক্ষক / ছাত্রছাত্রীরা লিফট ব্যবহার করতে পারবেন না।**

এখন থেকে ক্লাসের শেষে ছাত্রছাত্রীদের কোন পরীক্ষা নেওয়া হবে না। শিক্ষক-শিক্ষিকাদের দ্বারা অভ্যন্তরীন মূল্যায়নের ওপর ভিত্তি করেই ছাত্রছাত্রীদের সার্টিফিকেট দেওয়া হবে।

অভিভাবকরা ছাত্রছাত্রীদের বলে দেবেন তারা যেন বন্ধুদের জিনিস ব্যবহার না করে যেমন পেন্সিল, তুলি, রং ইত্যাদি।

খাবারের প্যাকেট বা টিফিন ক্লাসরুমে নিয়ে যাওয়া যাবে না।

ক্লাস চলাকালীন সামাজিক দূরত্ব বিধি মেনে প্রতিটি ছাত্রছাত্রীকে মাস্ক পরে আসতে হবে এবং হাতে স্যানিটাইজার নিজেদের সঙ্গে আনতে হবে।

অফিসরুমে কথা বলার সময়, সার্টিফিকেট নেবার সময় এবং টাকা জমা দেবার সময় অফিসের নিয়মানুযায়ী সামাজিকদূরত্ববিধি বজায় রাখতে হবে।

## একটি আবেদন

সমস্ত অভিভাবক/অভিভাবিকাদের অবগতির জন্য জানাই যে গত ১৫ ই মার্চ ২০২০ থেকে নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের সমস্ত আয় বন্ধ হয়ে গেছে অথচ মিউজিয়াম পরিচালনার জন্য প্রতি মাসে বেতন বাবদ ন্যূনতম ২.৭৫ লক্ষ টাকা এবং ইলেকট্রিসিটি ও রক্ষণাবেক্ষণ খরচ বাবদ প্রায় ৩০,০০০ টাকা খরচ করতে হচ্ছে।

এমতাবস্থায় অভিভাবক / অভিভাবিকাদের সাধ্যমত অনুদান পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে। যে কোনও রকম অনুদান A/c payee চেকের মাধ্যমে অথবা ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া যেতে পারে।

অনুদান পাঠানোর জন্য ব্যাঙ্ক এ্যাকাউন্ট নম্বর ও অন্যান্য জ্ঞাতব্য তথ্য নিচে দেওয়া হল। ব্যাঙ্ক ট্রান্সফারের ক্ষেত্রে ইমেল-এর মাধ্যমে বিস্তারিত বিবরণ জানাবেন। অনুগ্রহ করে অনুদান পাঠালে বা কোনও বিষয় জানার থাকলে nehrumuseum1972@gmail.com এই ইমেল-এ যোগাযোগ করবেন।

ব্যাঙ্কের বিশদ বিবরণ দেওয়া হল -

**Account Name : National Cultural Association**
**Bank Name : Indian Bank**
**Branch : Gariahat**
**Address : 14/7, Gariahat Road**
**Kolkata, West Bengal - 700 019**
**IFS Code : IDIB000G005**
**SB A/c No. : 462241032**

ব্যাঙ্ক ট্রান্সফারের ক্ষেত্রে আপনার বিস্তারিত তথ্য নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের ইমেল-এ জানান nehrumuseum1972@gmail.com আপনার অন্য কিছু জানার থাকলে উপরিউক্ত ইমেল-এ জানাতে পারেন।

আমরা বোধহয় জীবনের সবচেয়ে কঠিনতম সময়কে অতিক্রম করছি। এই সংকটময় মুহূর্তকে কাটিয়ে ওঠার জন্য সবচেয়ে বেশী প্রয়োজন আমাদের পারস্পরিক সহযোগিতা ও সহমর্মিতার। আশা করি খুব শীঘ্রই এই বিপর্যয়কে আমরা কাটিয়ে উঠতে পারব এবং স্বাভাবিক কর্মসূচীতে ফিরে আসব। এই বিজ্ঞপ্তিটি নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম ওয়েবসাইট www.nehrumuseum.com ও ফেসবুক পেজে পাওয়া যাবে।

নিরাপদে থাকুন, সুস্থ থাকুন।

সুদীপ শ্রীমল
অধিকর্তা

৩১ জুলাই ২০২০



এরপর পরের পাতায়

## অভিভাবক / অভিভাবিকাদের জন্য আরোও কিছু মতামত ও অনুরোধ

যে সমস্ত অভিভাবক তাঁদের সন্তানদের জন্য ২২ শে মার্চ ২০২০. আগে ফী এর টাকা জমা দিয়েছিলেন তাঁর ১ নং পাতায় উল্লিখিত অঙ্কন, গান, আবৃত্তির ক্লাসে যোগদান করতে পারে। সরকারী নির্দেশিকা চালু হবার ৩০-৪৫ দিন পর সমস্ত রকম সামাজিক দূরত্ব রক্ষা করে ক্লাসগুলি চালু করা হবে।
নাচ এবং নাটকের ক্লাসগুলি অদূর ভবিষ্যতেও চালু করা যাবে না কেননা সামাজিক দূরত্ব রক্ষা করে স্বল্প পরিসরে ক্লাস পরিচালনা করা সম্ভব না যতক্ষণ টীকাকরণ চালু হয়। অভিভাবকরা যদি চান তাহলে কোভিড-১৯ এর জন্য যে ক্লাসগুলি হয়নি তার শতকরা ৫০ ভাগ (১২৮.৫৭ টাকার উপর অর্থাৎ ৬৪ টাকা প্রতি ক্লাস) টিউশন ফির টাকা ফেরত পেতে পারেন প্রতি ক্লাস (বছরে ৪২ টি ক্লাস ৪৫০ টাকা প্রতি মাসে) মনে রাখবেন নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম শুধুমাত্র টিউশন ফির শতকরা ৫০ ভাগ টাকা ফেরত দেবে. অন্য কোন ক্ষতিপূরণ দেওয়া হবে না। টাকা ফেরত নেওয়ার পরিবর্তে যে সমস্ত অভিভাবক ২১ শে মার্চ ২০২০. আগে ফী জমা দিয়েছেন তাঁরা ইচ্ছা করলে তাঁদের সন্তানদের আঁকা, গান এবং আবৃত্তির ক্লাসে যোগদান করাতে পারেন পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশিকা জারি হওয়ার পর কিন্তু সমস্ত ক্ষেত্রেই সামাজিক দূরত্ব ও নিরাপত্তার বিষয়গুলি রক্ষা করতে হবে।

••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••••

অনুগ্রহ করে নীচের অংশটুকু কেটে ফাঁকা জায়গাগুলি পূরণ করে জমা দিন

ক) আমার পুত্র / কন্যাকে এখনই ক্লাস চালু হলে আঁকা / আবৃত্তি / গান-এর ক্লাসে যোগদান করাতে ইচ্ছুক

আঁকা ☐ আবৃত্তি ☐ গান ☐ (টিক চিহ্ন দিন) অথবা

খ) আমার পুত্র / কন্যাকে স্বাভাবিক ক্লাস চালু হলে যোগদান করাতে ইচ্ছুক

আঁকা ☐ আবৃত্তি ☐ গান ☐ (টিক চিহ্ন দিন)

সরকারী নির্দেশিকা পাওয়ার পর আঁকা, আবৃত্তি গানের ক্লাস চালু হওয়ার বিশদ নিয়মাবলী অভিভাবকদের কাছে পাঠিয়ে দেওয়া হবে।

আপনার সিদ্ধান্ত ইমেল-এর মাধ্যমে (nehrumuseum1972@gmail.com or ncm.va.academy@gmail.com) অথবা জানিয়ে দিতে পারেন বা শ্রীমতী শিখা মুখার্জী, প্রশাসনিক সচিবকে বুধ, শনি এবং রবিবার দুপুর ১ টা থেকে ৫ টার মধ্যে সাক্ষাতে অথবা মোবাইলে ((96745 73496 / 8981646672)) জানিয়ে দিতে পারেন।

নীচের তথ্যগুলি অবশ্যই পূরণ করে পাঠাবেন

ক) অভিভাবকের নাম ____________________

খ) অভিভাবকের ঠিকানা ____________________

খ) ফী প্রদানের রসিদ নং ____________ তারিখ ____________ টাকার পরিমাণ ____________

গ) ছাত্র/ছাত্রীর নাম ____________________

ঘ) শিক্ষনীয় বিষয় ____________ কোড নং ____________ ক্লাস অংশগ্রহনের সংখ্যা ____________

ঙ) ক্লাসের দিন ও সময় ____________________

চ) ফোন নং ____________________

ছ) আপনার ইমেল ____________________

ক্লাসে যোগদানে ইচ্ছুক (ক) ☐ (খ) ☐ বিবৃতি অনুযায়ী

অনুগ্রহ করে ২৩ শে আগস্ট ২০২০. মধ্যে ইমেল-এর মাধ্যমে অথবা শ্রীমতী শিখা মুখার্জীর কাছে পাঠিয়ে দিন।

তারিখ : ..............................

অভিভাবকের স্বাক্ষর